

যুগান্তর

তারিখ - 2.5. MAR. 2015.
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

আইন না মানলে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা ॥ নাহিদ

বাংলানিউজ ॥ মুনাফার লক্ষ্য নিয়ে যে সব বেসরকারী বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ কথা বলেন শিক্ষামন্ত্রী।

ইউআইইউ'র আচার্য ও রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

আইন না মানলে

(প্রথম পৃষ্ঠার পর)
শিক্ষামন্ত্রী বলেন, উচ্চশিক্ষায় বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর বেশিরভাগ নিষ্ঠার সঙ্গে কাজ করে যাচ্ছে। বেসরকারী অনেক বিশ্ববিদ্যালয় অভিভাবক ও শিক্ষার্থীদের আস্থা অর্জনকারী প্রতিষ্ঠানের মর্যাদায় অভিযুক্ত। আশা করি সব বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন মেনে চলবে।

কিছু বেসরকারী বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবে না। যে সব বেসরকারী বিশ্ববিদ্যালয় সফল হতে পারেনি, বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চান, তাদের জন্য আমরা সময় বেঁধে দিয়েছি। তারা আইন অনুসারে সঠিকভাবে বিশ্ববিদ্যালয় চালাতে না পারলে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়া হবে।

সমাবর্তন অনুষ্ঠানে এক হাজার ৪৫২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রী প্রদান করা হয়। কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ৫ শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন বক্তা ছিলেন ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। অন্যান্যের মধ্যে ইউআইইউ'র উপাচার্য ড. এম রিজওয়ান খান, ইউআইইউ'র বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ইউআইইউ'র বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-কর্মকর্তা উপস্থিত ছিলেন।